



খালেদা জিয়ার জন্য রাতে চীনা বিশেষজ্ঞ দল, কাল যুক্তরাজ্যের টিম ঢাকায়



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সর্বশেষ চিকিৎসাজনিত ব্যবস্থাপনায় নতুন পদক্ষেপ যুক্ত হচ্ছে। তার চিকিৎসা পর্যবেক্ষণে চীনের আরও একটি বিশেষজ্ঞ টিম আজ মঙ্গলবার (২ ডিসেম্বর) রাতে ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে। দলের একটি নির্ভরযোগ্য সূত্র সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছে। এদিকে আগামীকাল বুধবার (৩ ডিসেম্বর) যুক্তরাজ্য থেকে আরেকটি উচ্চ দক্ষতার মেডিকেল টিম ঢাকা আসবে বলে জানা গেছে। এর আগের দিন, সোমবার রাতে বিদেশি চিকিৎসকদের একটি দল ঢাকায় পৌঁছে সরাসরি হাসপাতাল গিয়ে খালেদা জিয়ার শারীরিক অবস্থা পরীক্ষা করেন।

খালেদা জিয়ার অবস্থা বর্তমানে স্থিতিশীল হলেও সংকট কাটেনি—এমনটি জানানো হয়েছে দলের পক্ষ থেকে। তবে তিনি নিয়মিত চিকিৎসা নিতে পারছেন এবং বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী চিকিৎসা প্রক্রিয়া চলমান রয়েছে।

গত ২৩ নভেম্বর রাতে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য গুলশানের বাসভবন ফিরোজা থেকে এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয় খালেদা জিয়াকে। পরে মেডিকেল বোর্ডের পরামর্শ অনুযায়ী তাকে হাসপাতালে ভর্তি করা হয়। ভর্তি হওয়ার পর থেকে বিভিন্ন জটিলতার কারণে তার শারীরিক অবস্থা ধীরে ধীরে অবনতির দিকে যায়।

দীর্ঘদিন ধরেই তিনি আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি জটিলতা, ফুসফুসের সমস্যা ও চক্ষুজনিত অসুস্থতাসহ একাধিক দীর্ঘমেয়াদি রোগে ভুগছেন। তার সামগ্রিক চিকিৎসা ব্যবস্থায় বিদেশি বিশেষজ্ঞদের যোগদানকে গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে বিবেচনা করা হচ্ছে।